

বাংলাদেশ দূতাবাস আস্কারা, তুরস্ক

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি পুরস্কার প্রাপ্তির ৫০তম বার্ষিকী উদযাপন

সংবাদ বিজ্ঞপ্তি-আস্কারা, ২৩ মে ২০২৩ বাংলাদেশ দূতাবাস আস্কারায় যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের “জুলিও-কুরি” পুরস্কার প্রাপ্তির ৫০তম বার্ষিকী উদযাপিত হয়েছে। অনুষ্ঠানের শুরুতে “বিশ্ব শান্তিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান” -এর উপর বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

অতঃপর দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রেরিত বাণী পাঠ করেন দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা মোঃ রাশেদ ইকবাল ও মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক প্রেরিত বাণী পাঠ করেন দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান মোঃ রফিকুল ইসলাম এবং জুলিও-কুড়ি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দেওয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের-এর মূল বক্তব্য পাঠ করে শুনান মান্যবর রাষ্ট্রদূত এম আমানুল হক।

দিবসটি উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা পর্বে বক্তব্য রাখেন দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা মোঃ রাশেদ ইকবাল। প্রধান অতিথির সমাপনি বক্তব্যে তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম আমানুল হক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রকাশ করেন। শান্তি, মুক্তি ও মানবতার অগ্রদূত হিসেবে শান্তিপূর্ণ বিশ্ব বিনির্মাণে বঙ্গবন্ধুর অসামান্য অবদানের কথা স্মরণ করে জুলিও-কুরি পদক প্রাপ্তির মাধ্যমে বাংলাদেশ একটি শান্তিকামী রাষ্ট্র হিসেবে বিশ্বের বুকে পরিচিতি লাভ করেছে বলে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। তিনি স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বের প্রেক্ষাপট তুলে ধরেন এবং অনুষ্ঠানে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সমাপ্তি ঘোষণা করেন।

=====